

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং ০৩

চৈত্র ২৭, ১৪১৭ বাং

তারিখ : -----

এপ্রিল ১০, ২০১১ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

নতুন পণ্য/নতুন বাজার (বল্লেখ্য) সম্প্রসারণ সহায়তা (New Market Exploration Assistance) প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ২১, তারিখ নভেম্বর ০৯, ২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাইতেছে।

০২। আলোচ্য সার্কুলারের ৩(ক) অনুচ্ছেদে ২০০৯-১০ অর্থ বৎসর সংশ্লিষ্ট যে সকল পণ্য রপ্তানির বিপরীতে বাজার সম্প্রসারণ সহায়তার আবেদনপত্র দাখিলের জন্য ইতিমধ্যে নির্ধারিত ১৮০ দিন অতিবাহিত হইয়াছে সে সকল ক্ষেত্রে উক্ত সার্কুলার জারির তারিখের ৬০ (ষাট) দিনের মধ্যে প্রত্যাবাসিত রপ্তানির মূল্যের বিপরীতে আলোচ্য সহায়তার আবেদনপত্র বিবেচনাযোগ্য হইবে মর্মে উল্লেখ রহিয়াছে। এক্ষণে আবেদনপত্র দাখিলের উক্ত সময়সীমা বর্ধিত করিবার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। এতদপেক্ষিতে অত্র সার্কুলার জারির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ২০০৯-১০ অর্থ বৎসরে সংশ্লিষ্ট পণ্য রপ্তানির ক্ষেত্রে প্রত্যাবাসিত রপ্তানির মূল্যের বিপরীতে বাজার সম্প্রসারণ সহায়তার আবেদনপত্র বিবেচনাযোগ্য হইবে।

০৩। এতদ্ব্যতীত আলোচ্য সার্কুলারে জ্ঞাপিত অপরাপর শর্তাবলী অপরিবর্তিত থাকিবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জহিরুল হক)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫